৩৬/

তারিখ 06 MAY 1993
পৃষ্ঠা ৩ কলাম ৩

আজকের কাগজ

৬৭

# চট্টগ্রাম বিঃবিদ্যালয় অস্ত্রের মুখে হল ত্যাগে বাধ্য করা হলো

**চট্টগ্রাম অফিস ঃ** গত মঙ্গলবার রাত ২টার দিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আলাওল হল থেকে ছাত্রফ্রন্টের একজন কর্মীকে বেদম মারধোর করে অস্ত্রের মুখে হল ত্যাগে বাধ্য করা হয়। তার নাম শেখ মুহাম্মদ রফিকুল ইসলাম। সে অর্থনীতি শেষ পর্বের ছাত্র। ১৫ দিন আগে সে আলাওল হলে আবাসিক ছাত্র হিসেবে সিট বরাদ্দ পায়। উল্লেখ্য, বিভিন্ন সময় ছাত্র শিবির হল থেকে ভয়ভীতি ও মারধোর করে সাধারণ ছাত্র ও সর্বদলীয় নেতা কর্মীদের বিভিন্ন হল থেকে বের করে দিয়ে আসছিলো।

এর প্রতিবাদে গতকাল দুপুর ১২টার দিকে সর্বদলীয় ছাত্র ঐক্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্টেশন চত্বরে এক প্রতিবাদ সমাবেশ করে। এতে সভাপতিত্ব করেন সেলিম রেজা সৌরভ। বক্তব্য রাখেন অনুপ খাস্তগীর, মাহবুব রহমান, আকাশ মুহম্মদ আক্কাছ প্রমুখ।